

ঢাকা ওয়াসা

২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
আলোচ্য কাজের ক্যালকুলেশন।
আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Repairing & Maintenance of Different diameter Sluice Valve in the water line network at DMA-108A, DMA-108B & DMA-116 Area Under MODS Zone -01, Dhaka WASA শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্তি নং-১ হতে ৩ সদয় দেখা যেতে পারে। অত্র জোনের আওতাধীন সর্বমোট ২১ টি ডিএমএ ইতিমধ্যে হস্তান্তর করা হয়েছে এবং ডিএমএ-১০৮এ, ১০৮বি ও ১১৬ এর ডিফেক্ট লাইবিলিটি সময়সীমা ইতিমধ্যে শেষ হয়েছে। উক্ত ডিএমএ মেরামত এবং রক্ষণাবেক্ষণ বর্তমানে মডস জোন-১ এর আওতায় রয়েছে। ডিএমএ- ১০৮এ, ১০৮বি ও ১১৬ এর আওতায় টিপু সুলতান রোড, নারিন্দা, মনির হোসেন লেন, লালমোহন সাহা স্ট্রীট, বেগমগঞ্জ লেন, শাহ সাহেব লেন, গোয়াল ঘাট লেন, শরৎগুপ্ত রোড, ভজহরি সাহা স্ট্রীট, নবাবপুর রোড, কাপ্তান বাজার, বনগ্রাম, বলধা গার্ডেন, মদনপাল লেন, যুগীনগর লেন, তাহেরবাগ লেন, লারচাঁন মুকিম লেন, গোয়ালঘাট লেন, ওয়ার স্ট্রীট, যাত্রাবাড়ী, মীরহাজিরবাগ, শহীদ ফারুক রোড, পাইপ রাস্তা ইত্যাদি এলাকা রয়েছে। এসব এলাকায় বিদ্যমান পানি সরবরাহ স্বাভাবিক রাখার জন্য উপরোক্ত ডিএমএ এর ভিতরের স্লুইচ ভান্স চেম্বার, সারফেস বক্স উচু করণ কাজ এবং রুটিন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ নিয়মিত করতে হয়। এভাবে সুষ্ঠুভাবে ডিএমএ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করে পানি সরবরাহ স্বাভাবিক রাখা যাবে। ফলে পানির লাইনের মত গুরুত্বপূর্ণ ডিএমএ এর স্থাপনার স্থায়ীত্ব দীর্ঘস্থায়ী হবে। সে-প্রেক্ষিতে পিপিআর-২০২২ (সংশোধিত) অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (সংযুক্তি নং-৩)। কাজটি সম্পাদন করার লক্ষ্যে মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য সরকার কর্তৃক আরোপিত বর্ধিত করের আওতায় পূর্ব অনুমোদিত দরের ১০% এর সাথে আরও ৫% যোগ করে ১৫% ভ্যাট বিবেচনায় একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা: ৪,৯৮,২৮০.৭৪০ (চার লক্ষ আটানব্বই হাজার দুইশত আশি দশমিক সাত চার শূন্য) টাকা মাত্র। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৮০ অনুসারে (e-GP) প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) সম্পাদন করা হবে। উক্ত কাজের প্রয়োজনীয় মালামাল ও লেবার ঠিকাদার কর্তৃক সরবরাহ নিয়ে কাজটি সম্পন্ন করা হবে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-১ এর Repairing and maintenance (water Line) খাত হতে বহন করা হবে যা ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার (APP) ক্রমিক নং-WR-04(B)(7) তে অন্তর্ভুক্ত আছে।

২। এমতাবস্থায়, জনস্বার্থে সুষ্ঠু ভাবে পানি সরবরাহের জন্য Repairing & Maintenance of Different diameter Sluice Valve in the water line network at DMA-108A, DMA-108B & DMA-116 Area Under MODS Zone -01, Dhaka WASA শীর্ষক কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৮০ অনুসারে Electronic Government Procurement (e-GP) প্রক্রিয়ায় Limited Tendering Method (LTM) পদ্ধতিতে সম্পাদনের জন্য উপস্থাপিত টা: ৪,৯৮,২৮০.৭৪০ (চার লক্ষ আটানব্বই হাজার দুইশত আশি দশমিক সাত চার শূন্য) টাকার প্রাক্কলনটির সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য কাজটির অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

[Signature]
০৫/০৪/২০২৬

তাপস সাহা
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা।

[Signature]
০৫/০৪/২০২৬

মোঃ ইশতিয়াক আহমেদ শিহাব
সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা

[Signature]
০৫/০৪/২৬

মোঃ ইমদাদুল হক
সহকারী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা।

[Signature]
০৫/০৪/২৬

মোঃ আনোয়ার হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা।

[Signature]
০৫/০৪/২৬

[Signature]
০৫/০৪/২৬

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১ ঢাকা ওয়াসা।

[Signature]

৩। প্রকল্প অনুমোদিত।

[Signature]
১১/০৪/২৬

[Signature]
১২/০৪/২৬

[Signature]
১১/০৪/২৬
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

স্মারক-১৭৮
০৭-০৭/০৪/২৬

